

**REGIONAL NEWS UNIT
ALL INDIA RADIO, AGARTALA**

Date: 07-11-2024

Time: 07.35-07.40 AM Hrs

BENGALI MORNING BULLETIN

PM-Vidyalaxmi :

সরকার, দেশের মেধাবী শিক্ষার্থীদের আর্থিক সহায়তা প্রদানের জন্য প্রধানমন্ত্রী-বিদ্যালক্ষ্মী প্রকল্প অনুমোদন করেছে।

গতকাল নয়াদিল্লিতে কেন্দ্রীয় তথ্য ও সম্প্রচার মন্ত্রী অশ্বিনী বৈষ্ণব মন্ত্রিসভার বৈঠকে গৃহীত সিদ্ধান্তের বিষয়ে সংবাদমাধ্যমকে বলেছেন, উচ্চ শিক্ষার জন্য শিক্ষার্থীরা, কোনরকম বন্ধক বা গ্যারান্টার-ছাড়াই খণ পাওয়ার যোগ্য হবে। তিনি বলেন, আর্থিক সীমাবন্ধন যাতে ভারতের কোনো যুবক-যুবতীর মানসম্পন্ন উচ্চশিক্ষা গ্রহণে বাধা না হয়, সেজন্য এই প্রকল্পটি চালু করা হয়েছে। এই প্রকল্পের মাধ্যমে, বার্ষিক আট লক্ষ টাকা পর্যন্ত পারিবারিক আয়ের সাত লক্ষ শিক্ষার্থী উপরুক্ত হবে বলে আশা করা হচ্ছে।

Jal Utsav :

NITI আয়োগের উদ্যোগে জল সংরক্ষণের প্রতি সচেতনতা এবং সংবেদনশীলতা তৈরি করতে গতকাল ১৫ দিনের জল উৎসবের সূচনা হয়েছে। নীতি আয়োগ জানিয়েছে, ২৪শে নভেম্বর পর্যন্ত ২০টি উচাকাঙ্ক্ষী জেলা এবং ঝুঁকে জল উৎসব করা হচ্ছে। উৎসবটি ২০টি রাজ্য জুড়ে জল সম্পদ সংরক্ষণ এবং সুরক্ষায় জনগণের অংশগ্রহণের উদ্দেশ্যে করা হচ্ছে।

Kala Utsab :

রাজ্য জেলায় জেলায় বিদ্যালয়ের ছাত্রছাত্রীদের নিয়ে কলা উৎসব অনুষ্ঠিত হচ্ছে। দু'দিনব্যাপী পশ্চিম ত্রিপুরা জেলাভিত্তিক কলা উৎসব গতকাল থেকে আগরতলার মহারাণী তুলসীবতী উচ্চমাধ্যমিক বিদ্যালয়ে শুরু হয়েছে। উদ্বোধন করেন আগরতলা পুরনিগমের মেয়র তথা বিধায়ক দীপক মজুমদার।

এদিকে সিপাহীজলা জেলাভিত্তিক কলা উৎসব গতকাল বিশালগড় টাউন হলে অনুষ্ঠিত হয়। বিদ্যালয় শিক্ষা দপ্তর আয়োজিত এই কলা উৎসবের উদ্বোধন করেন বিশালগড়ের বিধায়ক সুশান্ত দেব।

খোয়াই জেলা শিক্ষা দপ্তরের উদ্যোগে খোয়াই পুরাতন টাউন হলে জেলা ভিত্তিক কলা উৎসব অনুষ্ঠিত হয়। অনুষ্ঠানে উপস্থিত ছিলেন বিধায়ক পিনাকী দাস চৌধুরী, রঞ্জিত দেববর্মা, খোয়াই জিলা পরিষদের সভাধিনেত্রী অপর্ণা সিংহ রায়, প্রমুখ।

অন্যদিকে উত্তর ত্রিপুরা জেলাভিত্তিক কলা উৎসব গতকাল থেকে ধর্মনগরে শুরু হয়েছে। বিদ্যালয় শিক্ষা দপ্তরের উদ্যোগে বিবেকানন্দ সার্ধশতবার্ষিকী ভবনে দু'দিনব্যাপী কলা উৎসবের আনুষ্ঠানিক উদ্বোধন করেন ধর্মনগর পুর পরিষদের চেয়ারপার্সন মিতলী রাণী দাস সেন।

Sakti pith 51:

দেবী সতীর ৫১ শক্তি পীঠের প্রতিটি তীর্থস্থানকে অবিকল প্রতিরূপ দেওয়ার উদ্যোগ শুরু হয়েছে । এই উদ্যোগকে বাস্তবায়িত করার লক্ষ্যে গতকাল গোমতী জেলার মাতাবাড়ি বিধানসভার অন্তর্গত বনদোয়ার এলাকা পরিদর্শন করেন পর্যটন মন্ত্রী সুশান্ত চৌধুরী । সঙ্গে ছিলেন স্থানীয় বিধায়ক অভিষেক দেবরায়, গোমাতি জিলা পরিষদের সভাধিপতি দেবল দেবরায়, সহ পর্যটন নিগমের আধিকারিক গণ । এর আগে অমরপুর ছবিমুড়া পর্যটন ক্ষেত্র এলাকার উন্নয়নমূলক কাজের অগ্রগতি খতিয়ে দেখেন পর্যটন মন্ত্রী । সেখানে মন্ত্রীর সঙ্গে উপস্থিত ছিলেন দুই বিধায়ক রঞ্জিত দাস ও অভিষেক দেবরায় ।

ওয়ার্কশপ:

কক্ষবরক ভাষা সংক্রান্ত এক কর্মশালা ও আলোচনাচক্র, গতকাল আগরতলায় শহিদ ভগৎ সিং ঘূব আবাসে শুরু হয়েছে।

দুই দিনের এই কর্মশালায়, মূলত কক্ষবরক ভাষায় শিক্ষা পদ্ধতি নিয়ে আলোচনা হচ্ছে। তাছাড়াও প্রশ্নপত্রের পদ্ধতি ও ব্ল-প্রিন্ট এবং ত্রিপুরীদের ঐতিহ্যবাহী খেলাধুলার বিষয় নিয়ে আলোচনা করা হবে। গতকাল সেমিনারে বক্তব্য রাখতে গিয়ে একথা জানিয়েছেন, কক্ষবরক ভাষা এবং মাইনোরিটি ল্যাঙ্গুয়েজের অধিকর্তা আনন্দহরি জমাতিয়া। সেমিনারে গতকাল, কক্ষবরক লেখক নরেশ চন্দ্র দেববর্মা এবং কলেজের চারজন রিসোর্স পার্সন ছাড়াও, বিভিন্ন স্কুলের ৬৫ জন শিক্ষক-শিক্ষিকা উপস্থিত ছিলেন।

Traffic police SP manik das :

ট্রাফিক পুলিশের সুপার মানিক দাসের নেতৃত্বে পুলিশ এবং ট্রাফিক ইউনিটের একটি দল বটতলায় যানজট দূর করতে গতকাল সরজমিনে পর্যবেক্ষণ করেছেন। ট্রাফিক পুলিশ সুপার শ্রী দাস জানান, বটতলা এলাকায় যানজটের কারণগুলি চিহ্নিত করা হয়েছে। রাস্তার পাশে, ব্যবসায়ীদের বাইক, গাড়ি পার্কিং করেনা রাখার জন্য হয়। তিনি ব্যবসায়ীদের কাছে আবেদন করেছেন, এছাড়া রাস্তায় বেআইনিভাবে হকারদের বসতে দেওয়া হবে না বলেও শ্রী দাস জানান। গতকাল পর্যবেক্ষণে উপস্থিত ছিলেন এসডিপিও সদর দেবপ্রসাদ রায় এবং টাফিক পুলিশের আধিকারিকগণ।

Youth utsab Gomati:

গোমাতি জেলা ভিত্তিক যুব উৎসব ও বিজ্ঞান মেলা আগামী ১২ ডিসেম্বর উদয়পুর কাঁকড়াবন ডায়েট কলেজ মাঠে অনুষ্ঠিত হবে । এই উদ্যোগে গতকাল গোমাতি জিলা পরিষদের কনফারেন্স হলে এক প্রকৃত্তি সভা অনুষ্ঠিত হয় । সভায় উপস্থিত ছিলেন গোমাতি জিলা পরিষদের সভাধিপতি দেবল দেবরায়, সহ সভাধিপতি সুজন কুমার সেন, বিধায়ক জিতেন মজুমদার, উদয়পুর পুর পরিষদের চেয়ারম্যান শীতল চন্দ্র মজুমদার সহ বিভিন্ন দপ্তরের অধিকারিকগণ

BJP :

ভারতীয় জনতা পার্টির ত্রিপুরা প্রভারী রাজদীপ রায় গতকাল আগরতলায় দলের সদস্যতা অভিযানে অংশ গ্রহণ করেন। সাংবাদিকদের তিনি জানান, রাজ্য সদস্যতা অভিযানের লক্ষ্যমাত্রার ৯৫ শতাংশ ইতিমধ্যেই পূর্ণ হয়েছে।

Congress Padajatra :

কংগ্রেসের উদ্যোগে গতকাল প্রতাপগড় বিধানসভা কেন্দ্রে সংহতি পদযাত্রা অনুষ্ঠিত হয়। উপস্থিত ছিলেন প্রদেশ কংগ্রেস সভাপতি আশিস কুমার সাহা, সহ সভাপতি শান্তি রঞ্জন দেবনাথ ও অন্যান্য নেতৃবৃন্দ।

এদিকে মাতাবাড়ি বিধানসভা কেন্দ্রের দক্ষিণ মুড়াপাড়া জয়ন্তী বাজার, চন্দ্রপুর ভিলেজ, চন্দ্রপুর কলোনি এলাকায় গতকাল সংহতি পদযাত্রায় উপস্থিত ছিলেন গোমাতি জেলা কংগ্রেস সভাপতি টিটুন পাল সহ অন্যান্য নেতৃবৃন্দ।

Deputation :

এস.এফ.আই ও উপজাতি ছাত্র ইউনিয়ন পক্ষ থেকে গতকাল দুই দফা দাবিতে আগরতলার শিক্ষা ভবনে, শিক্ষক নিয়োগ পর্ষদ, বা TRBT-র চেয়ারম্যানের কাছে ডেপুটেশন প্রদান করা হয়। এসএফআই রাজ্য সম্পাদক সংবীপন দেব জানিয়েছেন, দ্রুত টেট পরীক্ষার বিজ্ঞপ্তি জারি করা ও বছরে দুবার টেট পরীক্ষা গ্রহনের জন্য TRBT-র চেয়ারম্যানের কাছে দাবি জানানো হয়।

NSUI Deputation :

মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক পরীক্ষার কক্ষবরক ভাষার প্রশ্নপত্র বাংলা লিপির পাশাপাশি রোমান হরফে করার দাবীতে গতকাল NSUI-র পক্ষ থেকে ত্রিপুরা মধ্যশিক্ষা পর্ষদের সভাপতি ধনঞ্জয় গণচৌধুরীর কাছে এক ডেপুটেশন দেওয়া হয়। NSUI নেতা আমির হোসেন অভিযোগ করেন পর্ষদ রোমান হরফে কক্ষবরক প্রশ্ন করার ক্ষেত্রে অনীহা প্রকাশ করছে। অথচ ছাত্র ছাত্রীদের একটি বড় অংশ চাইছে রোমান হরফে পরীক্ষা দিতে। তাই ছাত্রছাত্রীদের স্বার্থে রোমান হরফে কক্ষবরক প্রশ্ন করার দাবী জানান তারা।

TB Awareness Programme :

স্বাস্থ্য ও পরিবার কল্যাণ দপ্তরের উদ্যোগে গতকাল দক্ষিণ জেলার মনু তাশিল উচ্চ বিদ্যালয়ে জাতীয় যক্ষমা নির্মূল কর্মসূচি বাস্তবায়িত করতে সচেতনতা সভা ও বাই সাইকেল র্যালি অনুষ্ঠিত হয়। বিধায়ক মাইলাফ্রুর মগ, দক্ষিণ জেলার মুখ্য স্বাস্থ্য আধিকারিক ডাঃ সুব্রত দাস প্রমুখ কর্মসূচিতে উপস্থিত ছিলেন।

Rugi kalyan somiti :

গোমতী জেলা হাসপাতালে গতকাল রোগী কল্যাণ সমিতির
উদ্যোগে এক পর্যালোচনা বৈঠক অনুষ্ঠিত হয় । এই বৈঠকে
প্রত্যেক রোগী যাতে সঠিক পরিষেবা গ্রহণ করতে পারে এবং
হাসপাতালে সার্বিক উন্নয়নের বিষয়ে গুরুত্ব আরোপ করা হয়
। এই বৈঠকে উপস্থিত ছিলেন গোমাতি জিলা পরিষদের
সভাধিপতি দেবল দেবরায়, বিধায়ক অভিষেক দেবরায়, উদয়পুর
পুর পরিষদের চেয়ারম্যান শীতল চন্দ্র মজুমদার প্রমুখ ।

Weather :

আজ আকাশ আংশিক মেঘাচ্ছন্ন থাকবে। দু এক জ্যোগায় হালকা
বৃষ্টিপাতের সন্তাবনা রয়েছে। দিনের তাপমাত্রা থাকবে সর্বোচ্চ ৩০
ডিগ্রির আসেপাশে। আজ ভোরে দিনের সর্বনিম্ন তাপমাত্রা
পরিলক্ষিত হয়েছে ২০.৬ ডিগ্রি সেলসিয়াস।
